



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd



সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২৪৫

তারিখঃ ০২ বৈশাখ, ১৪২৮ বঙ্গাব্দ
১৫ এপ্রিল, ২০২১ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৭৭০ তম কমিশন সভা অদ্য ১৫/০৪/২০২১ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :-

০১. কমিশন অদ্যকার সভায়, SME Sector এ দীর্ঘমেয়াদী অর্থায়নের সুযোগ সৃষ্টির লক্ষ্যে Nialco Alloys Limited- এর ৭.৫০ কোটি টাকার মূলধন উত্তোলনের জন্য Bangladesh Securities and Exchange Commission (Qualified Investor Offer by Small Capital Companies) Rules, 2018 অনুযায়ী ৭,৫০০,০০০ টি সাধারণ শেয়ার প্রতিটি ১০/- টাকা মূল্যে QIO- এর মাধ্যমে Eligible Investors -এর নিকট ইস্যু করার প্রস্তাব অনুমোদন করেছে। এই QIO- এর মাধ্যমে ৭.৫০ কোটি টাকা পুঁজি উত্তোলন করে কোম্পানিটি ভূমি উন্নয়ন, যন্ত্রপাতি ক্রয় এবং আইপিও খরচ খাতে ব্যয় করবে। কোম্পানিটির ৩০শে সেপ্টেম্বর ২০২০ সময়কালের আর্থিক বিবরণী অনুযায়ী শেয়ার প্রতি আয় ০.৯১ টাকা এবং পুনঃমূল্যায়ন সঞ্চিত ছাড়া নীট সম্পদ মূল্য (NAV without revaluation reserve) ১২.৪৩ টাকা। SME Platform এ লেনদেন এর তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) বছর ইস্যুয়ার কোম্পানি কোন বোনাস শেয়ার ইস্যু করতে পারবে না। কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে MTB Capital Limited. অদ্যকার কমিশন সভায় আরো সিদ্ধান্ত গৃহীত হয় যে, তালিকাভুক্ত সিকিউরিটিজ এ যে সকল Individual Investor (Resident and Non-resident) এর বাজার মূল্যে বিনিয়োগের পরিমাণ ১.০০ (এক) কোটি টাকা বা তদুর্ধ্ব সে সকল Individual Investors, Qualified Investors হিসেবে বিবেচিত হবে। উল্লেখ্য, এটি কোন পাবলিক অফার নয়, বাংলাদেশে SME Platform এ তালিকাভুক্তির জন্য এটাই প্রথম কমিশন কর্তৃক অনুমোদিত Qualified Investor Offer (QIO).

০২. কমিশন অদ্যকার সভায়, বে-মেয়াদি 'RBIMCO BGFI Fund' এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন করেছে। ফান্ডের প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ১০.০০ কোটি টাকা যার মধ্যে উদ্যোক্তা হিসাবে রয়েল বেঙ্গল ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড ১.০০ কোটি টাকা প্রদান করবে এবং বাকী ৯.০০ কোটি টাকা সাধারণ বিনিয়োগকারীগণের জন্য উন্মুক্ত থাকবে। ফান্ডটির প্রতি ইউনিটের মূল্য ১০.০০ টাকা। উক্ত ফান্ডে সম্পদ ব্যবস্থাপক হিসাবে রয়েল বেঙ্গল ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড ও ট্রাস্টি হিসাবে বাংলাদেশ জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানি লি: এবং কাস্টডিয়ান হিসাবে কাজ করছে ব্যাংক ব্যাংক লিমিটেড।

Muhammad
15-04-2021

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

“মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার”